দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG..30.1999
পৃষ্ঠা ৫ কলাম ৮

৪

## ইসলামী শিক্ষা সঙ্কোচনের প্রতিবাদে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে র‍্যালি

প্রেস বিজ্ঞপ্তি ঃ সম্প্রতি ইসলামী শিক্ষা সঙ্কোচন প্রতিরোধ কমিটির উদ্যোগে ইসলামী শিক্ষা সঙ্কোচনের প্রতিবাদে ই. বি. ক্যাম্পাসে বিরাট এক র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে প্রতিরোধ কমিটির আহবায়ক ডঃ এবিএম সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ডঃ আশরাফ আলী, ডঃ মোশাররফ হোসেন, ডঃ আঃ লতিফ, ডঃ আবুল কালাম পাটওয়ারী ও ডঃ এএইচএম ইয়াহ ইয়া রহমান।

ডঃ আশরাফ আলী তার বক্তব্যে বলেন, শিক্ষামন্ত্রী মাদ্রাসা শিক্ষা সম্পর্কে যে তথ্য দিচ্ছেন, এটা ঠিক নয়। সারাদেশে বহু মাদ্রাসার M. P. O বন্ধ করে দিয়েছে। মঞ্জুরিকৃত এবতেদায়ী মাদ্রাসাসমূহে বিনামূল্যে বই দেয়া হয় না। এটা মাদ্রাসা শিক্ষা বন্ধ করার বহিঃপ্রকাশ।

ডঃ মোশাররফ হোসেন বলেন, শতকরা ৯৫% মুসলমানের দেশে ইসলামী শিক্ষা সঙ্কোচন করলে জনগণ মেনে নিবে না।

ডঃ আঃ লতিফ বলেন, সরকার ইসলামী শিক্ষা নিয়ে যা শুরু করছে, এটা জাতির জন্য ভয়াবহ রূপ নিবে। বৃটিশরাও মাদ্রাসা শিক্ষা বন্ধ করতে পারেনি।

সভাপতির ভাষণে ডঃ এবিএম ছিদ্দিকুর রহমান বলেন, ইসলাম জ্ঞান-বিজ্ঞানের ধর্ম। মুসলমানগণ প্রথমত ইসলামী শিক্ষায় শিক্ষিত হন। অতঃপর জ্ঞান-বিজ্ঞান আহরণ করেন। আর তারাই প্রায় আটশ' বছর পর্যন্ত সকল প্রকার জ্ঞান-বিজ্ঞান ও সভ্যতার আধার ছিলেন। তারাই ইউরোপকে অজ্ঞতার অন্ধকার থেকে আলোর পথ দেখান।

তিনি মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র প্রতিরোধে এবং এ শিক্ষার উন্নয়নে ১৩ দফা প্রস্তাব পেশ করেন।